

# প্রয়াত মেয়র আনিসুলের উদ্যোগ বাস্তবায়নে কমিটি

নিজস্ব প্রতিবেদক

প্রকাশিত: ০৩:২০ পি.এম, ১০ সেপ্টেম্বর ২০১৮



রাজধানীতে কোম্পানির মাধ্যমে বাস পরিচালনা পদ্ধতি প্রবর্তন সংক্রান্ত কার্যক্রম সমন্বয়ে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের (ডিএসসিসি) মেয়র সাঈদ খোকনকে আহ্বায়ক করে একটি কমিটি গঠন করেছে সরকার।

গতকাল রোববার স্থানীয় সরকার বিভাগ থেকে কমিটি গঠন করে আদেশ জারি করা হয়েছে। এর আগে ২৭ আগস্ট সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদেরের সভাপতিত্বে সড়ক পরিবহন উপদেষ্টা পরিষদের সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়।

সভায় রাজধানীতে কোম্পানির অধীনে বাস চালাচলসহ আনিসুল হকের নেয়া উদ্যোগ এগিয়ে নিতে সাঈদ খোকনকে দায়িত্ব দেয়া হয়।

প্রসঙ্গত, ঢাকা সিটি কর্পোরেশন নির্বাচনের পর প্রধানমন্ত্রীর নির্দেশে ঢাকার বিশৃঙ্খল নগর পরিবহনগুলোতে শৃঙ্খলা ফেরানোর জন্য 'বাস রুট রেশনলাইজেশন ও কোম্পানির মাধ্যমে বাস পরিচালনা' নামের একটি প্রকল্প হাতে নেন প্রয়াত মেয়র আনিসুল হক।

প্রকল্প অনুযায়ী, ঢাকার দুই সিটি কর্পোরেশনের মধ্যে বিদ্যমান বাস কোম্পানিগুলোকে একীভূত করে সমন্বিত কোম্পানি করে যানজট নিরসন করার কথা ছিল। এতে প্রতিটি বাস অপর বাসের সঙ্গে যাত্রী নিয়ে কাড়াকাড়ি না করে একটির অপরটির পেছনে চলার কথা। একই সঙ্গে বাসগুলো যেখানে-সেখানে যাত্রী না উঠিয়ে লাইনে দাঁড়িয়ে যাত্রী ওঠানো ও টিকিটের বিনিময়ে যাত্রী পরিবহন করার কথা। এই লক্ষ্যে হ্যাভিটেড কনসালট্যান্ট লি. নামের একটি প্রতিষ্ঠানকে দিয়ে বাস রুটগুলোকে একীভূত করার কর্মপরিকল্পনা ও মাঠপর্যায়ের জরিপ সম্পন্ন করেন মেয়র আনিসুল হক।

মেয়রের জীবদ্দশায়ই প্রকল্পের জরিপ ও ডিজাইনের সিংহভাগ কাজ শেষ করে কনসালট্যান্ট প্রতিষ্ঠান। লন্ডন থেকে চিকিৎসা শেষে দেশে ফেরার পর প্রকল্পটির নির্মাণ কাজ শুরু করার কথা ছিল। কিন্তু মেয়রের মৃত্যুতে প্রকল্পটি ঝিমিয়ে পড়ে।

প্রকল্পে ঢাকার ভেতরে চলমান সিটি বাসগুলোর ৩৫৯টি রুটকে মাত্র ২২টি রুটে বিন্যাস করে চেলে সাজানো এবং এসব রুটে বিদ্যমান ৩০০টির বেশি বাস কোম্পানিকে মাত্র ছয়টি কোম্পানিতে রূপান্তরের সিদ্ধান্ত হয়। কোম্পানিগুলোর নাম দেয়া হয়- পিংক সার্ভিস, ব্লু সার্ভিস, পেস্ট সার্ভিস, অরেঞ্জ সার্ভিস, ইয়েলো সার্ভিস ও গ্রিন সার্ভিস।

গতকাল রোববার ঘোষিত কমিটি গঠনের আদেশে বলা হয়েছে, রাজধানীর গণপরিবহনে শৃঙ্খলা আনা এবং যানজট নিরসনে বাসরুট রেশনালাইজেশন ও কোম্পানির মাধ্যমে বাস পরিচালনা পদ্ধতি প্রবর্তন সংক্রান্ত কার্যক্রম সমন্বয়ে এই কমিটি গঠন করা হয়েছে।

ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের প্যানেল মেয়রকে যুগ্ম-আহ্বায়ক ও ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষের নির্বাহী পরিচালককে কমিটির সদস্য সচিব করা হয়েছে।

এছাড়া কমিটিতে বিআরটিএ, বিআরটিসি ও রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের চেয়ারম্যান, ডিএমপি কমিশনার, গণপরিবহন বিশেষজ্ঞ ড. এস এম সালেহ উদ্দিন, বাংলাদেশ সড়ক পরিবহন মালিক সমিতির মহাসচিব, বাংলাদেশ সড়ক পরিবহন শ্রমিক ফেডারেশনের সভাপতিকে কমিটির সদস্য করা হয়েছে।

কমিটির কার্যপরিধিতে বলা হয়েছে, ঢাকা মহানগরীর গণপরিবহনে যানজট নিরসনে বাসরুট রেজুলেশন ও কোম্পানির মাধ্যমে বাস পরিচালনা পদ্ধতি প্রবর্তনের বিষয়ে ঢাকা উত্তর সিটির প্রয়াত মেয়র আনিসুল হকের গৃহীত পদক্ষেপগুলো বিবেচনায় নিয়ে এ সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়ন ও সমন্বয় করবে এই কমিটি।

সংশ্লিষ্ট অংশীজনের সঙ্গে আলোচনার মাধ্যমে বাসরুট রেজুলেশন ও কোম্পানির মাধ্যমে বাস পরিচালনা পদ্ধতি প্রবর্তন, বাসরুট রেজুলেশন ও কোম্পানির মাধ্যমে বাস পরিচালনা পদ্ধতি প্রবর্তনের রোডম্যাপসহ সময়াবদ্ধ কর্ম পরিকল্পনাও প্রণয়ন করবে কমিটি।

কমিটির কার্যক্রমের অগ্রগতি প্রধানমন্ত্রীর কার্যালয়, স্থানীয় সরকার বিভাগ এবং সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়কে নিয়মিত অবহিত করতে বলা হয়েছে আদেশে।

ওই কমিটিতে প্রয়োজনে যে কাউকে অন্তর্ভুক্ত করা যাবে বলেও আদেশে উল্লেখ করা হয়েছে।

আরএমএম/এমএআর/আরআইপি